



Embassy of the People's Republic  
of Bangladesh  
Athens

প্রেস বিজ্ঞপ্তি:

## যথাযথ মর্যাদা ও ব্যাপক উৎসাহ-উদ্দীপনায় গ্রিসে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ উদ্‌যাপিত

যথাযোগ্য মর্যাদা ও ব্যাপক উৎসাহ-উদ্দীপনায় বিবিধ অনুষ্ঠানমালার মধ্য দিয়ে গ্রিসে বাংলাদেশের ৫৩তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপিত হয়েছে। দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, বাংলাদেশ কমিউনিটি নেতৃবৃন্দ, নারী নেতৃবৃন্দ, গ্রিসের নতুন প্রজন্মের সদস্যসহ সর্বস্তরের প্রবাসীদের উপস্থিতিতে ২৬ মার্চের সকালে দূতাবাস প্রাঙ্গণে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের কর্মসূচির সূচনা করেন গ্রিসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত আসুদ আহমদ।

পবিত্র কোরআন থেকে তিলাওয়াত, পবিত্র গীতা পাঠ এবং মহান মুক্তিযুদ্ধে শহীদদের স্মরণে এক মিনিট নীরবতা পালনের মাধ্যমে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের বিশেষ আলোচনা অনুষ্ঠান শুরু হয়। এসময় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে দেশবাসী ও প্রবাসীদের উদ্দেশ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করে শোনানো হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কালজয়ী নেতৃত্বে সংঘটিত মহান মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস তুলে ধরে নির্মিত বিশেষ প্রামাণ্যচিত্রও প্রদর্শিত হয়।

দিবসটির গুরুত্ব ও তাৎপর্যের উপর অনুষ্ঠিত আলোচনায় সর্বস্তরের প্রবাসী বাংলাদেশিরা অংশগ্রহণ করেন। দূতাবাসের মিনিস্টার মো. খালেদের সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনায় বক্তারা জাতির পিতা এবং মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধাদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন এবং ঐক্যবদ্ধভাবে দেশ গঠনে আত্মনিয়োগ করার শপথ নেন। রাষ্ট্রদূত আসুদ আহমদ তাঁর বক্তব্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক নেতৃত্বের কথা উল্লেখ করেন। তিনি বাংলাদেশের ইতিহাস ও ঐতিহ্য বিশ্বের দরবারে তুলে ধরতে এবং দেশের উন্নয়ন কর্মসূচিতে প্রবাসী বাংলাদেশিদের একযোগে কাজ করারও আহ্বান জানান। এসময় তিনি প্রবাসীদের “ব্র্যান্ড অ্যাম্বাসেডর” আখ্যায়িত করে ভবিষ্যতের “স্মার্ট বাংলাদেশ” বিনির্মাণে ভূমিকা রাখার উপর গুরুত্বারোপ করেন।

উল্লেখ্য যে, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে বাংলাদেশ দূতাবাস, এথেন্স ২১ মার্চ ২০২৩ তারিখে গ্রিসের প্রসিদ্ধ মেগারন-এথেন্স কনসার্ট হল (Megaro Mousikis)-এর ব্যান্ডহাউসে কূটনৈতিক অভ্যর্থনার (diplomatic reception) আয়োজন করে। উক্ত অনুষ্ঠানে গ্রিক সরকারের প্রধানমন্ত্রীর কার্যালয়, জাতীয় সংসদ, পররাষ্ট্র মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়সহ বিভিন্ন দফতরের উচ্চ পর্যায়ের কর্মকর্তাবৃন্দসহ বিভিন্ন স্তরের সরকারি ও সামরিক কর্মকর্তাগণ, এথেন্সে নিযুক্ত বিভিন্ন দেশের রাষ্ট্রদূত ও কূটনীতিকগণ, নেতৃস্থানীয় গ্রিক উদ্যোক্তা ও ব্যবসায়ী, সাংবাদিক, শিক্ষক, গবেষক, সংস্কৃতিকর্মীসহ বিশিষ্ট ব্যক্তিবর্গ, বাংলাদেশ কমিউনিটির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

রাষ্ট্রদূত আসুদ আহমদ স্বাগত বক্তব্যের মাধ্যমে অভ্যর্থনা অনুষ্ঠানের শুভ সূচনা করেন। তিনি তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে অতিথিদের শুভেচ্ছা জানিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে বাংলাদেশের স্বাধীনতা অর্জন এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড তুলে ধরে ২০৪১ সালে স্মার্ট বাংলাদেশের বার্তা তুলে ধরেন। তিনি আন্তর্জাতিক অঙ্গণে বাংলাদেশের ভূমিকা, বিশেষকরে বিশ্বশান্তি প্রতিষ্ঠায়

119, Marathonodromon Street, 154 52 Palaio Psychiko, Athens, Greece

Tel.: +30 210 6720 250, Fax: +30 210 6754 513

mission.athens@mofa.gov.bd, www.bdembassy.gr

EMV

Page 1/2

বাংলাদেশের নেতৃস্থানীয় অংশগ্রহণের বিষয়টি উল্লেখ করেন। বাংলাদেশ ও গ্রিসের মধ্যে বিদ্যমান সৌহার্দ্যপূর্ণ সম্পর্কের কথা উল্লেখ করে রাষ্ট্রদূত তাঁর বক্তব্যে দুদেশের মধ্যে সহযোগিতার অনুমোচিত সম্ভাবনা উন্মুক্ত করার উপর জোর দেন।

এরপর, রাষ্ট্রদূত বিশিষ্ট অতিথিদের নিয়ে জাতীয় দিবসের কেক কাটেন। অভ্যর্থনা অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের জন্য বাংলাদেশের এতিহ্য ও সংস্কৃতি তুলে ধরে একটি সংক্ষিপ্ত মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত অতিথিদের মহাদেশীয় খাবারের পাশাপাশি ঐতিহ্যবাহী বাংলাদেশি খাবার দিয়ে আপ্যায়ন করা হয় এবং বিশেষ উপহার প্রদান করা হয়। পুরো অনুষ্ঠান জুড়েই বাংলাদেশের অর্থনৈতিক, সামাজিক ও বৈশ্বিক অর্জন তুলে ধরে নির্মিত ভিডিওচিত্র প্রদর্শন করা হয়।



এথেল্স, ২৬ মার্চ ২০২৩